

ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০২১-২০২২ শিক্ষাবর্ষে এম.ফিল. প্রোগ্রামে

ভর্তির আবেদনের তারিখ বৃদ্ধি

ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয় এ ইংরেজী ভাষা ও ইংরেজী ভাষা শিক্ষাদান (ই.এল.টি) বিষয়ে ২ বছর মেয়াদী এম.ফিল. প্রোগ্রামে ফেলো ভর্তির জন্য ইতোপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তিটির আবেদনের তারিখ ৩০.০৯.২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

এম.ফিল. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা:

১। প্রার্থীর অবশ্যই এস.এস.সি/সমমান ও এইচ.সি.সি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে প্রথম বিভাগ অন্যটিতে নূন্যতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ নূন্যতম সিজিপিএ ৩.৭৫ থাকতে হবে।

২। যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজী বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতোকোত্তর উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নূন্যতম ৫০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে একটিতে নূন্যতম সিজিপিএ ৩.২৫ ও অন্যটিতে সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

৩। উল্লিখিত ৪টি শিক্ষাগত যোগ্যতার কোন একটি শর্ত পূরণ না হলেও এম.ফিল, প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করা যাবে, যদি প্রার্থীর (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত প্রাইভেট বিশ্ববিদ্যালয়/সরকারী কলেজে ইংরেজী বিষয়ে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (খ) বেসরকারী ডিগ্রী কলেজে ইংরেজী বিষয়ে অনার্স পর্যায়ে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকে। তবে সে ক্ষেত্রেও সনাতন পদ্ধতিতে দ্বিতীয় শ্রেণি অথবা গ্রেডিং পদ্ধতিতে ২.৭৫ এর নীচে থাকলে গ্রহণযোগ্য হবে না। (ক) ও (খ) উভয় ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতার সনদপত্র প্রাথমিক আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। এই বিধানের অধীনে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য মনোনীত প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

প্রাথমিক আবেদন পত্র রাজশাহী বিশ্ববিদ্যালয় Website এর www.ru.ac.bd/ieol লিংক থেকে ডাউনলোড করা যাবে অথবা ২০/- টাকা মূল্যের (অব্যবহৃত) ডাকটিকিট সংযুক্ত নিজ ঠিকানা সংবলিত ৩"X৭" সাইজ খাম পরিচালক, ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়-৬২০৫ এই ঠিকানায় ডাকযোগে পাঠিয়েও ইনস্টিটিউট অফিস থেকে সংগ্রহ করা যাবে।

অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে পরিচালক, আই ই ও এল, রাবি এর অনুকূলে ১০০০/- (এক হাজার মাত্র) টাকার ডি ডি অথবা পে-অর্ডারসহ পূরণকৃত ভর্তির আবেদনপত্রের সাথে ২ কপি পি পি সাইজ কালার ছবি, একাডেমিক সকল সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে আগামী ৩০/০৯/২০২১ তারিখ দুপুর ১:০০ টার মধ্যে সরাসরি স্বহস্তে অথবা ডাক/কুরিয়ার যোগে ইনস্টিটিউট অফিসে পৌঁছাতে হবে।

ভর্তির জন্য মনোনীত প্রার্থীগণকে (অর্থ প্রাপ্তি সাপেক্ষে) ২ বছর মেয়াদী এম.ফিল. প্রোগ্রামে মাসিক ৪,০০০/- (চার হাজার) টাকা হারে ইনস্টিটিউট থেকে ফেলোশীপ প্রদান করা হবে।

চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ইনস্টিটিউটে ভর্তির সুযোগ পেলে এম.ফিল. প্রোগ্রামের জন্য ১ বছর ছুটি দেওয়া হবে মর্মে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র ভর্তির সময় জমা দিতে হবে।

আবেদন পত্রের সঙ্গে একটি সংক্ষিপ্ত গবেষণা প্রস্তাব জমা দিতে হবে। ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মনোনয়ন চূড়ান্ত করা হবে। ভর্তির সুযোগ পেলে এক বছরের কোর্সওয়ার্ক বাধ্যতামূলক।



(প্রফেসর ড. মোঃ শহীদুল্লাহ)

পরিচালক

ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী